

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-২৩/রে-২৩৪(৮০)

তারিখঃ ০৫ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

দেশব্যাপী করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৬৮ নং স্মারকপত্র অনুযায়ী আগামী ১০ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত এই বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিস/ইনস্টিটিউট/সেন্টার বন্ধ থাকবে। এ সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারী অফিস সময়ে স্টেশন ত্যাগ না করে স্ব স্ব গৃহে অবস্থান করবেন। তবে মেডিক্যাল সেন্টার, বিদ্যুৎ সরবরাহ, পানি সরবরাহ, গ্যাসের রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, নিরাপত্তার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, টেলিফোন ও ইন্টারনেট সেবায় নিয়োজিত ব্যক্তিবর্গ এবং অন্যান্য জরুরী রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ এই ছুটির আওতার বহির্ভূত থাকবেন। জরুরী প্রয়োজনে অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্তে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস, অন্যান্য অফিস ও বিভাগ খোলা রাখা যাবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ অফিসে/বিভাগে অফিস/বিভাগ প্রধানের নির্দেশনা মোতাবেক উপস্থিত থাকবেন। তবে তাদের সকলকে সরকারী স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

Juddin

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। ডীন, সকল অনুমদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। পরিচালক, ডিএইআরএস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-জরুরী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের অফিস/বিভাগ প্রধানের অনুরোধ সাপেক্ষে যাতায়াতের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। সকল অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইসিটি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা- বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য।
- ৮। পিএসটিভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। পিএসটি প্রো-ভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। সহকারী পরিচালক, তথ্য ও প্রকাশনা, ডিএইআরএস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১১। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড।
- ১২। গার্ড ফাইল/ব-৬/ব-৪১।